

## সৌদি আরবের জিজান প্রদেশে সড়ক দুর্ঘটনায় ১০জন বাংলাদেশী কর্মীর মৃত্যুতে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রীর গভীর শোক

সৌদি আরবের পশ্চিমাঞ্চলের জিজান প্রদেশে সড়ক দুর্ঘটনায় ১০জন বাংলাদেশী কর্মীর মৃত্যুতে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন। মন্ত্রী এক শোক বানীতে বলেন, সৌদি আরবে জিজান প্রদেশে ১০ জন বাংলাদেশী কর্মী কর্মস্থলে যাওয়ার পথে সড়ক দুর্ঘটনায় মৃত্যুবরণ করায় আমি গভীরভাবে শোকাহত। তারা বিদেশে কাজ করে কষ্টার্জিত আয় দিয়ে তাদের পরিবারকে সচ্ছল রেখেছিল এবং দেশের জন্য রেমিটেন্স প্রেরণ করতো। ০৬ জানুয়ারি শনিবার সকাল ০৭.০০ ঘটিকায় কর্মীরা তাদের আবাসস্থল থেকে কর্মস্থলে যাওয়ার পথে সড়ক দুর্ঘটনায় নিহত হন। মন্ত্রী নিহত কর্মীদের পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান এবং তাদের বিদেহী আত্মার মাগফিরাত ও চিরশান্তি কামনা করেন।